

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৪৮-আইন/২০১০/৫৬৮-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০০৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(ঙ) “বিড়ির প্যাকেট” অর্থ কাগজ বা অন্য কোন উপকরণ দ্বারা আবৃত ফিল্টার বিযুক্ত ২৫ (পঁচিশ) শলাকা বিড়ি বা ফিল্টার সংযুক্ত ২০(বিশ) শলাকা বিড়ি ধারণযোগ্য এমন কোন প্যাকেট এবং হার্ড ও সফট প্যাকেট এবং শেল এন্ড স্লাইড প্যাকেটও ইহার অন্তর্ভুক্ত হইবে।”

[ব্যাখ্যা : এই দফায়-

(ক) “হার্ড ও সফট প্যাকেট” অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোন উপকরণের তৈরী এক মুখ খোলা ও এক মুখ আবদ্ধ বিশ শলাকা ফিল্টারযুক্ত বিড়ি ধারণযোগ্য প্যাকেট; এবং

(খ) “শেল এন্ড স্লাইড প্যাকেট” অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোন উপকরণের তৈরী বিশ শলাকা ফিল্টারযুক্ত বিড়ি ধারণযোগ্য প্যাকেট, যার দুই মুখ খোলা।]

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মুস্তাফিজুর রহমান]

দ্বিতীয় সচিব (মূসক পণ্য বাস্তবায়ন)